১০২

দৈনিক ইনকিলাব

তারিখ ... 01 MAY 1998 ...
পৃঃ ২ কলাম ৫ ......

# ভিসির সাথে ছাত্র দল ও ছাত্র লীগের আলোচনা ভেঙ্গে যাচ্ছে

**গিয়াস উদ্দিন রিমন ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগের হল দখল ও ছাত্র দলকে বিতাড়নকে কেন্দ্র করে সৃষ্ট সংকট নিরসনে ভাইস চ্যান্সেলরের নেয়া আলোচনার উদ্যোগ প্রথম দিনেই ভেঙ্গে যাচ্ছে। গতকাল প্রাথমিক আলোচনায় ছাত্র দল ভিসি'র কাছে চূড়ান্ত আলোচনার জন্য ৮ দফা দাবী পেশ করে। পরে তারা আগামীকাল থেকে ৭ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে ৬ দিন অবিরাম ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করে। এরপর রাতে ভিসি ছাত্র লীগ নেতাদের সাথে আলোচনায় বসলে ছাত্র লীগ নেতারা বলেন, পূর্বশর্ত দিয়ে কোন আলোচনা হতে পারে না। শর্তহীনভাবে তারা আলোচনায় অংশ নিতে রাজি আছে। ছাত্র লীগের সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না বলেছেন, আলোচনায় এসে ছাত্র দল একদিকে দাবী পূরণের আল্টিমেটাম দিয়েছে, অন্যদিকে

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## আলোচনা ভেঙ্গে যাচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

ধর্মঘট আহবান করেছে। ধর্মঘটের কর্মসূচী এবং আলোচনা এক সাথে চলতে পারে না। ছাত্র দল ধর্মঘট প্রত্যাহার করলেই কেবল আলোচনা হতে পারে। তিনি বলেন, কেউ হল দখল করেনি, ছাড়ার প্রশ্ন আসবে কেন। ছাত্ররাই হলে থাকবে।

ভিসির সাথে আলোচনায় ছাত্র লীগের এই বক্তব্য সম্পর্কে ছাত্র দলের বিশ্ববিদ্যালয় শাখার সাবেক আহবায়ক নাসিরুদ্দীন অসীম বলেন, ছাত্র দল কর্তৃপক্ষের আহবানে আলোচনায় গিয়ে দাবী পেশ করেছে। তারা ছাত্র লীগের সাথে আলোচনা করতে যাননি। কর্তৃপক্ষ তাদের দাবী পূরণ করতে পারলে তারা কর্তৃপক্ষের সাথে আলোচনা করবে। হল দখলদার ছাত্র লীগের সাথে ছাত্র দল আলোচনায় বসতে রাজি নয়। তিনি বলেন, ছাত্র দল দাবী পূরণ না হওয়া পর্যন্ত কোন অবস্থায়ই ধর্মঘট প্রত্যাহার করবে না। তিনি বলেন, ছাত্র লীগ নেতারা কেন ছাত্র দলকে ধর্মঘট প্রত্যাহার করতে বলবেন। ভিসির সাথে ছাত্র দল আলোচনা করেছে। ভিসি দাবী পূরণ করলে ছাত্র দল তখন ভিসির কোন প্রস্তাব দিলে তা বিবেচনা করবে। ভিসি আজ আবার দু'পক্ষকে নিয়ে আলোচনায় বসতে চেয়েছিলেন। কিন্তু ছাত্র লীগের বক্তব্যের পর তিনি বলেছেন, তিনি এ ব্যাপারে ছাত্র দলের সাথে কথা বলবেন। কিন্তু ছাত্র দল ও ছাত্র লীগের অনমনীয় কঠোর বক্তব্যের ফলে সমঝোতা আলোচনা কার্যত শুরুতেই ভেঙ্গে যাচ্ছে। এটা হলে পরিস্থিতি আরো জটিল হয়ে উঠতে পারে।